



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

স্মারক: ২(৩৫/৬৫)/ব্যাফুফে-বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ/২০১৭

তারিখ: ০৯-০২-২০১৭

সার্কুলার

বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক প্রফেশনাল ফুটবল লীগের ২য় স্তর অর্থাৎ 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০১৭' আগামী জুন ২০১৭ হতে অনুষ্ঠিত হবে ও উক্ত লীগ উপলক্ষে খেলোয়াড় নিবন্ধন কার্যক্রম আগামী এপ্রিল ২০১৭ এ অনুষ্ঠিত হবে। ব্যাফুফে প্রফেশনাল ফুটবল লীগ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০১৭' এ সর্বমোট ৮ (আট) টি দল অংশগ্রহণ করবে। এ লক্ষ্যে যে সকল ক্লাব 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০১৭' এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাবসমূহকে ব্যাফুফে সচিবালয় বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। বিশেষভাবে উল্লেখ্য যে, আবেদনকারী ক্লাবসমূহের মধ্যে বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক সর্বোচ্চ ১ (এক) টি নতুন দলকে 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০১৭' এ অন্তর্ভুক্তির জন্য চূড়ান্ত করা হবে।

আসন্ন 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০১৭' এ অংশগ্রহণের লক্ষ্যে উক্ত লীগ এর বাইলজ এবং লীগ উপলক্ষে প্রণীত Club Licensing Regulations এর বিভিন্ন নির্ণায়কসমূহ পূরণ করা বাঞ্ছনীয়। সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় কার্যার্থে 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০১৭' উপলক্ষে প্রণীত Club Licensing Application Manual এতদসঙ্গে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

এমতাবস্থায় যে সকল ক্লাব 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০১৭' এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাবসমূহকে Club Licensing Regulations এর আলোকে এতদসঙ্গে সংযুক্ত Club Licensing Application Manual, ক্লাবের নির্বাহী কমিটির তালিকা, সম্ভাব্য বাজেট যথাযথভাবে সংযুক্ত/পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট/ কাগজপত্র সংযুক্তি হিসেবে আগামী ২০ ফেব্রুয়ারী ২০১৭ তারিখের মধ্যে মতিঝিলস্থ ব্যাফুফে সচিবালয় বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। ব্যাফুফে ম্যানেজার-কম্পিটিশন জনাব মোঃ জাবের বিন তাহের আনসারী (মোবাঃ ০১৭০৯ ৬৬০৫০৭, ইমেইলঃ zaberansari@gmail.com) ও ব্যাফুফে এ্যাসিস্টেন্ট হেড অফ কম্পিটিশন জনাব মোঃ আশিকুর রহমান (মোবাঃ ০১৭১৮ ৫৭৫১১৪, ইমেইলঃ ashq.bff@gmail.com) এর সাথে যে কোন প্রয়োজনে সরাসরি যোগাযোগের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

মোঃ আবু নাইম সোহাগ
সাধারণ সম্পাদক

অনুলিপি:

- ১। সভাপতি,, জেলা ফুটবল এ্যাসোসিয়েশন।
- ২। চেয়ারম্যান, ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটি।
- ৩। বার্তা সম্পাদক/ Sports Editor, জাতীয় দৈনিক পত্রিকাসমূহ এবং ইলেক্ট্রনিক মিডিয়া।

সংযুক্তি: 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০১৭' এর Club Licensing Application Manual (এক কপি)।